গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
**www.wewb.gov.bd**

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ৫৫০ তারিখ: ১১ সেপ্টেম্বর ২০১৯

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের আগস্ট ২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ০৫ সেপ্টেম্বর ২০১৯, সময় : সকাল- ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"।

সভাপতি শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং বিগত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত। | পূর্বের ধারাবাহিকতা অনুযায়ী প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রাপ্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" অনুযায়ী উপস্থাপিত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। | প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ কম হওয়ায় নিষ্পত্তির সংখ্যা আরো বৃদ্ধি করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ২.০ | প্রবাসী কর্মীদের ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করণ। | প্রবাসী কর্মীদের মধ্যে যারা বহির্গমন ছাড়পত্র ছাড়া বিদেশে কর্মরত আছেন অর্থাৎ যে কোনো উপায় বিদেশ গমন করেছেন এবং সেখানে বৈধভাবে কর্মরত আছেন এ সকল প্রবাসী কর্মীদের ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সদস্য করার জন্য অনলাইনে আবেদনের মাধ্যমে একটি নির্দিষ্ট পরিমাণ ফি সংশ্লিষ্ট দূতাবাস/ মিশনে জমা প্রদান করে সদস্য হওয়ার সুযোগ রয়েছে। যে সকল প্রবাসীদের কর্মস্থল মিশন হতে বহু দূরে তাদের মিশনে গিয়ে ফি জমা দিতে কষ্টসাধ্য হয় মর্মে জানা যায়। প্রবাসী কর্মীদের মধ্যে যারা বাংলাদেশে ছুটিতে আসেন এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সদস্য হওয়ার জন্য ইচ্ছা পোষণ করেন তাদেরকে নির্ধারিত ফি সরাসরি বোর্ডের হিসেবে জমা প্রদানের বিষয়টি বিস্তারিত আলোচনা হয়। এতদবিষয়ে আরো পরীক্ষা নিরীক্ষা করে সম্ভাব্যতা যাচাই করার জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। | প্রবাসী কর্মীদের মধ্যে যারা বাংলাদেশে ছুটিতে আসেন এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সদস্য হওয়ার জন্য নির্ধারিত ফি সরাসরি বোর্ডের হিসেবে জমা প্রদান করতে ইচ্ছুক তাদের বিষয়টি আরো পরীক্ষা নিরীক্ষা করে সম্ভাব্যতা যাচাই করতে হবে। | পরিচালক (সকল) ও সিস্টেম এ্যানালিস্ট |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | অনিষ্পন্ন নথিনমূহ তালিকা প্রস্তুত করে মতামতের জন্য দূতাবাস/মিশনে প্রেরণ। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক প্রদত্ত আর্থিক অনুদান সংক্রান্ত নথিসমূহ অবশ্যই ২ (দুই) মাসের মধ্যেই নিষ্পত্তি করতে হবে মর্মে মহাপরিচালক পুনরায় নির্দেশ প্রদান করেন। তাছাড়া নিয়োগকর্তার নিকট হতে প্রাপ্য বকেয়া বেতন সংক্রান্ত ৫ (পাঁচ) বছর পূর্বেকার অনিষ্পন্ন নথিসমূহের তালিকা প্রস্তুত করে দ্রুত মতামত প্রদানের জন্য দূতাবাস/ মিশনে পত্র প্রদান করতে হবে এবং এতদসংক্রান্ত ৫ বছরের পূর্বের অর্থাৎ ২০১৪ সালের পূর্বেকার সকল নথিসমূহ স্টোরে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক প্রদত্ত আর্থিক অনুদান সংক্রান্ত নথিসমূহ অবশ্যই ২ (দুই) মাসের মধ্যেই নিষ্পত্তি করতে হবে। তাছাড়া নিয়োগকর্তার নিকট হতে প্রাপ্য বকেয়া বেতন সংক্রান্ত ৫ (পাঁচ) বছর পূর্বেকার অনিষ্পন্ন নথিসমূহের তালিকা প্রস্তুত করে দ্রুত মতামত প্রদানের জন্য দূতাবাস/মিশনে পত্র দিতে হবে এবং এতদসংক্রান্ত ৫ বছরের পূর্বের অর্থাৎ ২০১৪ সালের পূর্বেকার সকল নথিসমূহ শ্রেণী বিন্যাস করে স্টোরে প্রেরণ করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| | মৃত্যুজনিত ক্ষতিপূরণ / বকেয়া বেতন বাবদ প্রাপ্ত অর্থ বিতরণ সম্পর্কিত পত্র সংশ্লিষ্ট দূতাবাস/ মিশনসমূহে প্রেরণ। | বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে মৃত্যুজনিত ক্ষতিপূরণ / বকেয়া বেতন বাবদ প্রাপ্ত অর্থ মৃতের ওয়ারিশের নিকট বিতরণ সম্পর্কিত পত্র সংশ্লিষ্ট দূতাবাস/ মিশনসমূহে প্রেরণের বিষয়টি নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা হয়। | বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে মৃত্যুজনিত ক্ষতিপূরণ / বকেয়া বেতন বাবদ প্রাপ্ত অর্থ মৃতের ওয়ারিশের নিকট বিতরণ সম্পর্কিত পত্র সংশ্লিষ্ট দূতাবাস/ মিশনসমূহে প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিঃ/সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও), ------------------
৭। সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হশাআবি, ঢাকা।
৮। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১২। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১৩। মাষ্টার নথি/২০১৯।